

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬১২(আগরতলা ৯। ১। ১)

কমলপুর, ৯ নভেম্বর, ২০২৩

কমলপুর নগর পঞ্চায়েতে জল দিওয়ালি উদযাপন

কমলপুর নগর পঞ্চায়েত এলাকায় স্বসহায়ক দলের সদস্যদের নিয়ে গতকাল জল দিওয়ালি উদযাপন করা হয়। অমুত ২.০ প্রকল্প জাতীয় শহরে জীবিকা মিশনের সহযোগিতায় এই অনুষ্ঠানে স্বসহায়ক দলের মহিলাদের মধ্যে জলের গুরুত্ব সম্পর্কে সচেতনতামূলক প্রচার অভিযান সংগঠিত করা হয়। এই অনুষ্ঠানের আঙ্গ হিসাবে কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, কাউন্সিলর দীপকেন বৈদ্যের উপস্থিতিতে পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের কার্যালয়ে মহিলা স্বসহায়ক দলের সদস্যদের নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় পানীয়জলের গুরুত্ব, পরিশোধিত জল পান, জলের অপচয় বন্ধ করা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। এরপর মহিলাদের নিয়ে ধলাই নদীতে পানীয়জলের পরিশোধন প্রকল্প ঘূরে দেখেন চেয়ারপার্সন প্রশান্ত সিনহা সহ দপ্তরের বাস্তুকারগণ। এছাড়াও কমলপুর নগর পঞ্চায়েত এলাকায় বাড়ি বাড়ি কিভাবে পরিশোধিত পানীয়জল সরবরাহ করা হয় সে বিষয় সরেজমিনে পরিদর্শন করেন স্বসহায়ক দলের সদস্যগণ।
